# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ঔষধ প্রশাসন অধিদপ্তর

ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২

www.dgda.gov.bd

স্মারক নং-ডিজিডিএ/প্রশা-২৬/০৮/৪৩৭ তারিখঃ ১৯/০৫/২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং এর অধীন অন্যান্য কার্যালয়ের নিম্নলিখিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত 'ছক' মোতাবেক দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

| নম্বর | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | গ্রেড | শূন্য পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সমস্ত জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১. | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর।<br>১০২০০-২৪৬৮০/- | গ্রেড-১৪ | ০৩ (তিন) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) সাঁটলিপিতে ইংরেজি ও বাংলায় গতি মিনিটে নূন্যতম গতি যথাক্রমে ৭০ ও ৪৫ এবং Word Processing/Data Entry ও Typing-এর ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকিতে হইবে। | গোপালগঞ্জ, ময়মনসিংহ, কুমিল্লা, খাগড়াছড়ি, নোয়াখালি, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, লালমনিরহাট, নড়াইল, বাগেরহাট, কুষ্টিয়া, ঝালকাঠি, পটুয়াখালি।<br>**বিশেষ দ্রষ্টব্য:** এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | টেকনিক্যাল এসিসটেন্ট<br>১০২০০-২৪৬৮০/- | গ্রেড-১৪ | ০৩(তিন) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। | |
| ৩. | ইনস্ট্রুমেন্ট মেকানিক<br>১০২০০-২৪৬৮০/- | গ্রেড-১৪ | ০১ (এক) | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৪. | স্টোরকিপার<br>১০২০০-২৪৬৮০/- | গ্রেড-১৪ | ০৩ (তিন) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৫. | হিসাব সহকারী<br>১০২০০-২৪৬৮০/- | গ্রেড-১৪ | ০৩ (তিন) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী। | |
| ৬. | ল্যাবরেটরী এসিসটেন্ট<br>৯৩০০-২২৪৯০/- | গ্রেড-১৬ | ০৮ (আট) | কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৭. | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>৯৩০০-২২৪৯০/- | গ্রেড-১৬ | ০৯(নয়) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) Word Processing/Data Entry ও Typing-এর ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকিতে হইবে। | |
| ৮. | ক্যাশ সরকার<br>৮৮০০-২১৩১০/- | গ্রেড-১৮ | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, জামালপুর, শেরপুর, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালি, রাঙ্গামাটি, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, নীলফামারী, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, বরগুনা, পটুয়াখালী, মৌলভীবাজার।<br>**বিশেষ দ্রষ্টব্য:** এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৯. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/- | গ্রেড-২০ | ০৭ (সাত) | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১০. | পরিচ্ছন্নতা কর্মী<br>৮২৫০-২০০১০/- | গ্রেড-২০ | ০১ (এক) | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে শর্তাবলি অনুসরণীয় :**

০১। ১ এপ্রিল, ২০২১ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। শুধুমাত্র মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধি কোটায় বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) বয়সীমা ৩০ (ত্রিশ) বছর হবে। বয়সের ক্ষেত্রে এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সাপেক্ষে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে (বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে আবেদনের বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর । অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়।

০৩। শিক্ষাগত যোগ্যতাসহ অন্য যে কোনো বিষয়ে প্রার্থী কোনো ভুল তথ্য প্রদান করলে বা কোনো তথ্য গোপন করলে উক্ত প্রার্থীর আবেদনপত্র বাতিল করা হবে।

০৪। নিয়োগবিধি অনুযায়ী সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; তবে বর্ণিত ছকের ০১ ও ০৭ নং ক্রমিকের শূন্য পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন।

০৫। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রচালিত হবে।

০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার/টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৭। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো কারণে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্য হ্রাসবৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

প্রার্থীর যোগ্যতা যাচাই;

(ক) (i) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

(ii) মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত Application Form এর প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০২ (দুই)কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

(iii) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখির করতে হবে।

(iv) জাতীয় পরিচয়পত্র /জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(v) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

(vi) বিভিন্ন কোটায় আবেদনকারী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

(vii) বিভাগীয়, সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) উক্ত তথ্যসমূহের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

(গ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত ন্যূনতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, নাতি-নাতনী হলে তার স্বপক্ষে আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) উপস্থাপন করতে হবে।

(ঙ) এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন কোনো বিষয়ে সরকারি প্রচলিত আইন, সার্কুলার, বিধি-বিধান অনুসরণ করা হবে।

০৮। অনলাইনের আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:-

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dgda.teletalk.com.bd ওয়েবসাইট আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষায় ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২৫ মে, ২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১৫ জুন, ২০২১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষায় সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ০১ থেকে ০৭ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১১২/- (একশত বার টাকা) এবং ০৮ থেকে ১০ নং ক্রমিক পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫৬/- (ছাপান্ন টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করার পরে পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DGDA<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DGDA ABCDEF and send 16222

Reply: Applicant's Name Tk 112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx To pay fee Type DGDA<Space>Yes<Space>PIN and send to 16222

দ্বিতীয় : SMS : DGDA<Space>YES<Space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example : DGDA YES xxxxxxxxxxxxxxx

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DGDA Application for (name of the Post) User ID is (ABCDEF) and password (XXXXXXX)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgda.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল নাম্বার থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID. এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে DGDA<Space>Help<Space>User<Space>User ID & send to 16222.

Example : DGDA help User ADCDEF & send to 16222.

ii. PIN Number জানা থাকলে DGDA<Space>Help<Space>PIN<Space>PIN Number & send to 16222.

Example : DGDA Help PIN 12345678 & send to 16222.

(ঝ) Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সম্পন্ন করবেন। এ ক্ষেত্রে অন্য মাধ্যমে থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) বিবিধ:

(i) পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র পরবর্তীতে sms এর মাধ্যমে জানানো হবে।

(ii) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.dgda.teletalk.com.bd হতে পাওয়া যাবে।

(iii) Online-এ আবেদন দাখিলের ক্ষেত্রে কোনো সমস্যা হলে বা যে কোনো তথ্যের প্রয়োজনে section1@dgda.gov.bd এবং vas.query@teletalk.com.bd ই-মেইল করে অথবা যে কোনো টেলিটক নম্বর হতে 121-এ কল করে জানা যাবে।

৯। Online-এ আবেদন ও নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮/৫/২০২১

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (চলতি দায়িত্ব)
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি।

স-১৩৫৫ (১৫×৮)